দৈনিক বাংলা

14

তারিখ 05 NOV 1991
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩

# প্রকৌশল ভার্সিটির সন্ত্রাসী ঘটনা তদন্তে কমিশন

সরকার গত ১৯শে অক্টোবর বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এলাকায় বহিরাগত সশস্ত্র সন্ত্রাসী ব্যক্তিবর্গ কর্তৃক সন্ত্রাসী ঘটনার তদন্তের জন্য বিচারপতি সুলতান হোসেন খান (প্রাক্তন প্রধান নির্বাচন কমিশনার)-এর সমন্বয়ে এক সদস্যবিশিষ্ট তদন্ত কমিশন গঠন করেছে।

তদন্ত কমিশনের কার্য পরিধির মধ্যে রয়েছে--ঘটনা কোথায় সংঘটিত হয় তা নির্ণয় করা, ঘটনার প্রকৃত কারণ নির্ণয়, ঘটনার জন্য কে বা কারা দায়ী তা নির্ধারণ করা, ভবিষ্যতে এ ধরনের ঘটনা প্রতিরোধের উপায় সম্পর্কে সুপারিশ করা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়।

কমিশন যথারীতি তদন্ত কাজ সমাপ্ত করে সুপারিশসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রতিবেদন পেশ করবে। শিক্ষা মন্ত্রণালয় তদন্ত কমিশনকে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবে। খবর তথ্য বিবরণীর।

## ভার্সিটি খোলা রয়েছে

প্রকৌশল বিশ্ববিদ্যালয় খোলা রয়েছে। কতিপয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করায় বিশ্ববিদ্যালয়ে এখন শান্তিপূর্ণ পরিবেশ বিরাজমান।

সাম্প্রতিক সন্ত্রাসী তৎপরতার পর প্রকৌশল বিশ্ববিদ্যালয় খোলা রয়েছে কিনা সে ব্যাপারে জনমনে যে বিভ্রান্তি সৃষ্টি হয়েছে তার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এক প্রেস বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়।

এতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের সব অফিস ও লাইব্রেরী খোলা রয়েছে এবং পার্ট 'এ' পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ছাত্র-ছাত্রীরা নিজ নিজ আবাসিক হলে অবস্থান করছে। নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিশ্ববিদ্যালয়েল সব গেটে পুলিশ মোতায়েন করা হয়েছে।